গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | ইসরাত চৌধুরী<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৬ জুন ২০২৩ |
| সভার সময় | দুপুর ০২:৩০ টা |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফরম |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ) কে অনুরোধ করা হলে নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করা হয়:

**১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ।**

**১.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৪ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের উপর বিস্তারিত আলোচনা করেন। এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন, ২৮ মার্চ ২০২৩ সময়ে সর্বশেষ এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক সচিব মহোদয়ের অনুমোদনক্রমে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ ছাড়াও সুরক্ষা সেবা বিভাগের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি এ বিভাগের সকল কর্মকর্তাকে দাপ্তরিক ই-মেইল এবং ই-নথি মারফত প্রেরণ করা হয়েছে এবং হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির উপর কোন মতামত থাকলে তা আইসিটি সেলে প্রেরণের অনুরোধ করা হয়।

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল মন্ত্রণালয়/বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের ২০২২-২০২৩ এর অর্ধবার্ষিক ফলাবর্তক সভায় মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণ করার সুপারিশ পাওয়া গেছে। এছাড়াও সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ৩য় সভায় কার্যবিবরণীতে উল্লেখিত মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখা হতে সর্বশেষ ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে উল্লিখিত মোট ১১টি নির্দেশনা অনুসরণপূর্বক স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কার্যক্রম অব্যহত রাখার বিষয়ে সভায়

উপস্থিত সদ্যসবৃন্দ আলোচনাক্রমে একমত পোষণ করেন।

সভায় সদস্য সচিব অবহিত করেন সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে এসিড সংক্রান্ত মোট ০৬টি সেবা রয়েছে। সেবা ০৬টির ক্ষেত্রে "সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি" এ উল্লেখ রয়েছে সেবার নির্ধারিত মূল্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে এবং আদায়কৃত ফি বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত কোডে (নং-১-৭৩০১-০০০১-১৮৫৪) ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। প্রকৃতপক্ষে সেবা প্রত্যাশী কর্তৃক শুধু সেবার নির্ধারিত মূল্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে আবেদনের সাথে জমা দেন এবং পরবর্তীতে সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আদায়কৃত ফি বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত কোডে (নং-১-৭৩০১-০০০১-১৮৫৪) ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করেন। এসিড সংক্রান্ত মোট ০৬টি সেবা ক্ষেত্রে "সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি" অংশে "আদায়কৃত ফি বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত কোডে (নং-১-৭৩০১-০০০১-১৮৫৪) ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে" বাদ দেয়া যেতে পারে। পরবর্তীতে সভাপতি সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে আলোচনাপূর্বক বিষয়টি সেবা প্রদান প্রতিশ্রুতিতে হালনাগাদ করার মতামত দেন।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালানাকরণের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি এবং ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের নির্দেশনা অনুসরণ করা;

(খ) সুরক্ষা সেবা বিভাগের এসিড সংক্রান্ত মোট ০৬টি সেবার "সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি" সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে আলোচনাপূর্বক হালনাগাদ করা;

(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ মোতাবেক স্ব স্ব অফিসের ৪র্থ কোয়ার্টারে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের কাজ সম্পন্নপূর্বক স্ব স্ব অফিসের ওয়েবসাইটে আপলোড করা।

**২.০ আলোচ্য বিষয়: বিবিধ।**

**২.১ আলোচনা:**সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন, স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ মোতাবেক আবশ্যিকভাবে ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং সার্বিক কার্যক্রম মূল্যায়নের নিমত্তি সংশ্লিষ্ট প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ মোতাবেক কোন কার্যক্রম অবশিষ্ট থাকলে তা কর্মপরিকল্পনার নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন এবং সংশ্লিষ্ট প্রমাণকসমূহ উর্ধ্বতন অফিসে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের আহ্বান জানান।

**২.২ সিদ্ধান্ত:**

(ক) স্ব স্ব অফিস সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ মোতাবেক আবশ্যিকভাবে ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করবে;

(খ) সার্বিক কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত সংশ্লিষ্ট প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ এবং সংশ্লিষ্ট প্রমাণকসমূহ নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন অফিসে প্রেরণ করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ইসরাত চৌধুরী
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.১২৮

তারিখ: ৪ আষাঢ় ১৪৩০
১৮ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ (সভার সিদ্ধান্ত মোতাবেক স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার অনুরোধসহ)

৩) যুগ্মসচিব (সংযুক্ত), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৪) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মোঃ আইয়ুব হোসেন
প্রোগ্রামার